দৈনিক ইত্তেফাক

তারিখ 22 AUG 1988
পৃষ্ঠা 1 কলাম 5

048

## ইংরেজীকে ঐচ্ছিক বিষয় হিসাবে চালু করার কথা বিবেচনা করা হইতেছে

—শিক্ষামন্ত্রী

শিক্ষামন্ত্রী ব্যারিষ্টার আনিসুল ইসলাম মাহমুদ বলেন, সরকার বিশ্ববিদ্যালয় পর্যায়ে ইংরেজীকে ঐচ্ছিক বিষয় এবং মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক স্তরে ইংরেজীকে ঐচ্ছিক মাধ্যম হিসাবে চালু করার কথা বিবেচনা করিতেছেন। তিনি বলেন, জনগণ এখন বুঝিতে পারি-

(১১শ পৃঃ দ্রঃ)

## ইংরেজীকে ঐচ্ছিক বিষয়

(১ম পৃঃ পর)

য়াছেন যে, ইংরেজীতে দুর্বল হইলে তাঁহারা বিশ্ব সমাজ হইতে বিচ্ছিন্ন হইয়া পড়িবেন।

মন্ত্রী গতকাল বাংলাদেশ শিশু একাডেমী মিলনায়তনে কচি-কাঁচার কণ্ঠ বিদ্যালয়ের পুরস্কার বিতরণী অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষণ দিতেছিলেন। ডঃ মিজানুর রহমান শেলীর সভাপতিত্বে অনুষ্ঠিত এ অনুষ্ঠানে শিশু একাডেমীর সাবেক চেয়ারম্যান মিসেস জোবেদা খানম ও শেখ আবদুল হাকিম বক্তৃতা করেন। শিক্ষামন্ত্রী আমাদের প্রাথমিক শিক্ষার উন্নয়নে বেসরকারী খাতের ভূমিকার উপর গুরুত্ব আরোপ করেন। পরে মন্ত্রী বিদ্যালয়ের কৃতী ছাত্র-ছাত্রীদের মধ্যে পুরস্কার বিতরণ করেন।

### শিক্ষামন্ত্রী সকাশে শিক্ষক সমিতি ফেডারেশন নেতৃবৃন্দ

বাংলাদেশ শিক্ষক সমিতি ফেডারেশনের নেতৃবৃন্দ গতকাল ফেডারেশনের ভারপ্রাপ্ত সেক্রেটারী জেনারেল অধ্যাপক এ, কে, এম, শহিদুল্লাহ-এর নেতৃত্বে শিক্ষামন্ত্রী আনিসুল ইসলাম মাহমুদ-এর সাথে তাঁহার অফিসে এক বৈঠকে মিলিত হন। বৈঠকে শিক্ষা মন্ত্রণালয় এবং মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের কর্মকর্তাগণও উপস্থিত ছিলেন। সরকারী ও বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষকদের বিভিন্ন সমস্যা সমাধানের লক্ষ্যে আশু কার্যকর ব্যবস্থা গ্রহণ সম্পর্কে বৈঠকে আলোচনা করা হয়। উল্লেখিত সমস্যাসমূহ পরীক্ষা এবং উহার সমাধান খুঁজিয়া বাহির করার জন্য শিক্ষা মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিবের নেতৃত্বে একটি কমিটি গঠন করা হয়। —তথ্য বিবরণী